অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/6/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীদের সাম্প্রতিক কোভিড-19 সক্রিয়তা বৃদ্ধির সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করলেন

গত গ্রীষ্মকালের একই সময়কালের তুলনায় হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা বৃদ্ধি পেয়েছে, কিন্তু 2022 সালের একই সময়কালের তুলনায় এই হার এখনো অনেক কম রয়েছে

নিউ ইয়র্কবাসীদেরকে সর্বশেষ কোভিড-19 নির্দেশনার কথা স্মরণ করিয়ে দেওয়া হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজকে নিউ ইয়র্কবাসীদেরকে কোভিড-19 সম্পর্কে সর্বশেষ তথ্য প্রদান করলেন যেহেতু নতুন ভ্যারিয়েন্টের কারণে নিউ ইয়র্ক স্টেটের কিছু অংশে এবং সারা দেশে হাসপাতালে ভর্তি হওয়ার সংখ্যা বৃদ্ধি পেয়েছে। গ্রীষ্মকালীন মাসগুলিতে সামাজিক জমায়েত বৃদ্ধি পাবে, এবং উচ্চ তাপমাত্রার কারণে মানুষ ঘরের ভেতরে বেশি থাকছে, তাই লক্ষণ দেখা দিলে পরীক্ষা করানো, রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের বর্তমান নির্দেশনাসহ স্বাভাবিক সতর্কতা অবলম্বন করা, কোভিড-19 এর হালনাগাদ টিকা গ্রহণ করে রাখা, এবং প্রয়োজন হলে যথাযথ চিকিৎসা অনুসন্ধান করার কথা গভর্নর নিউ ইয়র্কবাসীকে স্মরণ করিয়ে দিচ্ছেন।

"যদিও মহামারীর সময় যেই সংখ্যা দেখে গেছে এখন তার থেকে অনেক কম সংখ্যা আমরা দেখছি, তবে সর্বশেষ ভ্যারিয়েন্টসমূহের সক্রিয়তাকে আমরা নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে যাচ্ছি," **গভর্নর হোকল বলেন।** "নির্দেশনা অনুসরণ করে এবং সরল সতর্কতা অবলম্বন করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীরা একটি নিরাপদ ও স্বাস্থ্যকর গ্রীষ্মকাল উপভোগ করতে পারবে।"

বর্তমানে কোভিড-19 এ আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তির সংখ্যা গত বছরের এই সময়ের তুলনায় অনেক বেশি, কিন্তু 2022 সালের একই সময়কালের তুলনায় এই হার অনেক কম।

- **3 জুলাই, 2024 তারিখে**, নতুনভাবে ধরা পড়া কোভিড-19 এ আক্রান্ত হয়ে সারা দেশে হাসপাতালে ভর্তির সংখ্যার সাত দিনের গড় প্রতি **100,000 বাসিন্দায় 0.72।**
- **3 জুলাই, 2023 তারিখে,** নতুনভাবে ধরা পড়া কোভিড-19 এ আক্রান্ত হয়ে সারা দেশে হাসপাতালে ভর্তির সংখ্যার সাত দিনের গড় প্রতি **100,000 বাসিন্দায় 0.31।**
- **3 জুলাই, 2022 তারিখে**, নতুনভাবে ধরা পড়া কোভিড-19 এ আক্রান্ত হয়ে সারা দেশে হাসপাতালে ভর্তির সংখ্যার সাত দিনের গড় প্রতি **100,000 বাসিন্দায় 1.66।**

নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (New York State Department of Health) কমিশনার ডাঃ জেমস ম্যাকডোনাল্ড বলেন, "হাসপাতালে ভর্তির সংখ্যায় আমরা বৃদ্ধি দেখতে পাচ্ছি, কিন্তু তা এখনো গত বছরের বৃদ্ধির থেকে কম। তাপ থেকে বাঁচতে মানুষ ঘরের ভেতরে বেশি থাকছে, ফলে সংক্রমণ বৃদ্ধি পাচ্ছে। সম্ভব হলে ঘরের ভেতরের ভেন্টিলেশন উন্নত করার কথা মানুষকে স্মরণ করিয়ে দেওয়ার জন্য এটি ভালো সুযোগ। পাশাপাশি, গত বছর আমি যেই স্থায়ী আদেশে স্বাক্ষর করেছি তা এখনো বলবৎ রয়েছে, তাই আরো হালনাগাদ একটি টিকা পেতে ইচ্ছুক সকলেই তাদের ফার্মেসি থেকে তা গ্রহণ করতে পারবে।"

বর্তমান কোভিড নির্দেশনা দেখার জন্য, এখানে এবং এখানে যান।

গভর্নর হোকলের নেতৃত্বাধীনে নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 এর বিস্তার পর্যবেক্ষণ এবং প্রশমনে বলীয়ান পদক্ষেপ গ্রহণ করা অব্যাহত রেখেছে।

নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্রের (Centers for Disease Control and Prevention, CDC) কোভিড-19 বিচ্ছিন্নকরণ নির্দেশাবলী অনুসরণ করা অব্যাহত রেখেছে যা এখানে পাওয়া যাবে।

স্টেটব্যাপী বহু স্থানীয় ফার্মেসিতে বাড়িতে-গ্রহণের কোভিড-19 টেস্ট উপলভ্য আছে। নিউ ইয়র্কবাসীরা বর্তমান কোভিড-19 টিকার সাইট খুঁজে নিতে পারবে এখানে।

বাড়িতে গ্রহণের টেস্টিংয়ের ব্যাপক বিস্তৃত উপলভ্যতার ফলে ল্যাবে প্রেরিত পরীক্ষার সংখ্যা উল্লেখযোগ্যভাবে হ্রাস পেয়েছে। নিউ ইয়র্ক স্টেটের ওয়াডসওয়ার্থ ল্যাবের (Wadsworth Lab) গবেষকরা এখন কোভিড-19 এর বংশ বিস্তারের উপর নজরদারি করার জন্য বর্জ্য পানির বিশ্লেষণের উপর আরো বেশি নির্ভর করছে। ফেডারেল এবং স্টেট বর্জ্য পানির উপর নজরদারি থেকে দেখা যায় যে নিউ ইয়র্ক এবং পুরো দেশে নতুন ভ্যারিয়েন্টের বর্ধিষ্ণু উপস্থিতি রয়েছে, ধারণা করা হচ্ছে যে কোভিড-19 এর বর্তমান ধারা এবং হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি বৃদ্ধির জন্য এটি একাধিক সম্ভাব্য কারণে একটি, অন্যান্য কারণের মধ্যে রয়েছে বর্ধিত ভ্রমণ এবং সামাজিক মেলামেশা।

যেসব ব্যক্তির লক্ষণ দেখা দিবে তাদের উচিত কোভিড-19 পরীক্ষা করানো এবং যাদের পরীক্ষার ফল পজিটিভ হবে তাদের উচিত সম্ভাব্য চিকিৎসা সম্পর্কে নিজের স্বাস্থ্য সেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা, মারাত্মক ফলাফলের সম্ভাবনা হ্রাস করার ব্যাপারে এটিকে কার্যকর হতে দেখা গেছে। ইমিউনোকম্প্রোমাইজড, ফুসফুস বা হৃদরোগে আক্রান্ত, বা অন্যান্য কারণে ঝুঁকিতে থাকা, এবং বয়স্ক নিউ ইয়র্কবাসীদেরকে বিশেষভাবে একজন স্বাস্থ্যসেবা পেশাদারের সাথে কোভিড-19 এর চিকিৎসা সম্পর্কে আলোচনা করার জন্য উৎসাহিত করা যাচ্ছে। যাদের পরীক্ষায় পজিটিভ ফল এসেছে তাদের কর্মস্থল, স্কুল এবং সামাজিক কার্যকলাপ থেকে বিরতি নিয়ে বাড়িতে থাকা সহ অন্যদের সংস্পর্শ এড়িয়ে চলা উচিত।

কোভিড-19 টিকা এখনো সেরা প্রতিরোধমূলক ব্যবস্থাগুলির একটি এবং এটি মারাত্মক অসুস্থতার ঝুঁকি হ্রাস করে বলে দেখা গেছে। কেউ যদি এখনো কোভিড-19 টিকা বা বুস্টার গ্রহণ না করে থাকেন তাহলে তাদের তা গ্রহণ করতে উৎসাহিত করা যাচ্ছে। টিকার ব্যাপারে CDC এর সর্বশেষ নির্দেশনা সম্পর্কে আরো তথ্যের জন্য এখানে যান।

সাশ্রয়ী সেবা আইনের (Affordable Care Act) অধীনে, অধিকাংশ স্বাস্থ্য বীমা পরিকল্পনার আওতায় কোভিড-19 টিকার মূল্য অন্তর্ভুক্ত হবে, এবং এতে কোপেমেন্টের প্রয়োজন হবে না। যাদের বিমা নেই, অথবা যাদের বিমা টিকার নতুন সংস্করণটি আওতাভুক্ত করে না, তারা কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র; স্থানীয়, ট্রাইবাল বা কেন্দ্রশাসিত স্বাস্থ্য বিভাগ; HHS-এর ব্রিজ অ্যাক্সেস প্রোগ্রামে অংশগ্রহণকারী ফার্মাসিগুলির মাধ্যমে বিনামূল্যে শটগুলি পেতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন